তারিখ ... 13 MAY 2016 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

যুগান্তর

এসএসসিতে ফল বিপর্যয়

# চট্টগ্রামে উত্তরপত্র পুনর্মূল্যায়নের দাবিতে বিক্ষোভ

চট্টগ্রাম ব্যুরো

এসএসসি পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়নে ভুলের কারণে চট্টগ্রাম বোর্ডে অনেকে ফেল করেছে অভিযোগ তুলে বিক্ষোভ করেছে অভিভাবক ও শিক্ষার্থীরা। বৃহস্পতিবার দুপুরে মুরাদপুরে চট্টগ্রাম শিক্ষা বোর্ড ভবনে তারা এ বিক্ষোভ করে।

শিক্ষার্থী ও অভিভাবকদের দাবি, গণিত বিষয়ের নৈর্ব্যক্তিক পরীক্ষায় কম্পিউটারে উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে টেকনিক্যাল ভুল হয়েছে। এজন্য শিক্ষার্থীরা কম নম্বর পেয়েছেন। বিশেষ করে প্রশ্নপত্রের 'গ' সেট ও 'ঘ' সেটের ক্ষেত্রে গণিতে ফল বিপর্যয় হয়েছে।

বৃহস্পতিবার বিভিন্ন স্কুলের কয়েকশ' শিক্ষার্থী ও অভিভাবক প্রথমে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহবুব হাসানের সঙ্গে দেখা করেন। এ সময় তারা উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন জানান। এ সময় পরীক্ষা নিয়ন্ত্রক আগামী ১৮ মের মধ্যে আবেদনটি করতে বলেন।

পরীক্ষার্থীরা জানায়, কম্পিউটারে উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে কোনো ধরনের টেকিনিক্যাল ভুলের কারণেই এ সমস্যা হয়েছে। উত্তরপত্র পুনর্মূল্যায়ন করলে ভুলের বিষয়টি প্রমাণিত হবে।

তারা জানায়, ফল প্রকাশের পর তারা অবাক হয়েছে। কারণ পরীক্ষা ভালো দিয়েও তারা অবিশ্বাস্য কম নম্বর

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## চট্টগ্রামে বিক্ষোভ

(৩য় পৃষ্ঠার পর)

পেয়েছে। ওই দুই সেটে যারা পরীক্ষা দিয়েছে কেবল তাদের ক্ষেত্রেই এ সমস্যা হয়েছে। খাস্তগীর স্কুল এবং কলেজিয়েট স্কুলের মতো দুটি সেরা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও অবিশ্বাস্য কম নম্বর পেয়েছে। এতে যারা ডাক্তার কিংবা ইঞ্জিনিয়ার হতে চেয়েছিল তাদের লক্ষ্যপূরণ হবে না।